

“মুজিব বর্ষে
বিআরডিবি’র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী
গড়ার”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা
www.brdb.gov.bd



স্মারক নম্বর: ৪৭.৬২.০০.০০.৪১১.২৯.০৬৪.১৬.২৭

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৮

২০ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: বিআরডিবি’র দাপ্তরিক চিঠিপত্র সংরক্ষণ কার্যক্রম সংক্রান্ত সেবা সহজিকরণে ‘ই-আর্কাইভ: বিআরডিবি ইনফো ডটকম’ প্রবর্তন।

অফিস ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ অংশ হলো নথি ব্যবস্থাপনা। কিন্তু অধিকাংশ উপজেলা ও জেলা দপ্তরে নথি সঠিকভাবে সংরক্ষণ করা হয় না। ফলে অনেক সময় গুরুত্বপূর্ণ চিঠিপত্র পাওয়া যায় না। যে কারণে কার্যক্রম পরিচালনায় গতি কমে এবং ভুল ত্রুটি হওয়ার আশংকা থাকে। তাছাড়া ওয়েবসাইটে প্রকাশিত চিঠিপত্র বিষয়ভিত্তিক থাকে না, পুরাতন চিঠিপত্র পাওয়া যায় না এবং দাপ্তরিক প্রয়োজনে বারংবার ফরম তৈরি করতে হয়। এমতাবস্থায় অন্য কোন উপজেলা বা জেলা বা সদরদপ্তরের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় চিঠিপত্র সংগ্রহ করে কার্যাবলী সম্পাদন করা হয়।

২। বিআরডিবি’র সকল ক্ষেত্রে বর্তমানে চিঠিপত্র ও তথ্যাদি সমূহ বোর্ড ফাইলে সংরক্ষণ করা হয়। এতে সঠিকভাবে ফাইল সংরক্ষণ না থাকায় চিঠিপত্র যথাসময়ে পাওয়া সম্ভব হচ্ছে না। ফলে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনে ভুল হবার সম্ভাবনা তৈরি হচ্ছে এবং সেবার গতি কমে যাচ্ছে। এ অবস্থা থেকে উত্তরণে বিআরডিবি’র সকল প্রকার নথি, চিঠিপত্র ও তথ্যসমূহ সঠিকভাবে সংরক্ষণ কার্যক্রম সহজিকরণে ‘ই-আর্কাইভ: বিআরডিবি ইনফো ডটকম’ শিরোনামে একটি অনলাইনভিত্তিক আর্কাইভ তৈরি করা হয়েছে।

৩। ‘ই-আর্কাইভ: বিআরডিবি ইনফো ডটকম’- সহজিকৃত সেবাটি বিআরডিবি’র সকল পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণীয়:

- ‘ই-আর্কাইভ: বিআরডিবি ইনফো ডটকম’ সেবাটি ওয়েবসাইট ও অ্যাপ এর মাধ্যমে গ্রহণ/ব্যবহার করা যাবে;
- সেবাটি ব্যবহারে www.brdbinfo.com এ লগইন এবং গুগল অ্যাপস্টোর থেকে অ্যাপটি এনড্রয়েড মোবাইলে ডাউনলোড করা যাবে;
- আর্কাইভটিতে রক্ষিত চিঠিপত্র সমূহ দাপ্তরিক সুবিধার্থে ডাউনলোড করণ;
- ডাউনলোডকৃত পত্র/ছক/অন্যান্য তথ্যসমূহ প্রিন্ট করে বিষয়ভিত্তিক ম্যানুয়াল প্রক্রিয়ায় সংরক্ষণ;
- জেলা ও উপজেলার ওয়েব পোর্টালে/তথ্য বাতায়নে চিঠিপত্রসহ সংশ্লিষ্ট অন্যান্য তথ্যসমূহ আপলোডের মাধ্যমে প্রচারণা ও সংরক্ষণের ব্যবস্থা;
- আর্কাইভটি সমৃদ্ধ করণে নিজেদের কাছে সংরক্ষিত পত্রসমূহ সংশ্লিষ্টদের কাছে সরবরাহ;

উপর্যুক্ত প্রক্রিয়া অনুসরণ করা হলে ‘ই-আর্কাইভ: বিআরডিবি ইনফো ডটকম’ সেবাটির সঠিক ব্যবহার ও চিঠিপত্র সংরক্ষণ জনিত সমস্যা সমাধানে সহায়ক হবে। সংশ্লিষ্ট সকলকে উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ‘ই-আর্কাইভ: বিআরডিবি ইনফো ডটকম’ সহজিকরণ সংক্রান্ত বুকলেট।

২৪-২-২০২২

এস. এম. মাসুদুর রহমান
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
ফোন: +৮৮০২৮১৮০০০২
ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩
ইমেইল: dg@brdb.gov.bd

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম (সদয় অবগতির জন্য)।
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) পরিচালক (সকল), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
- ৪) যুগ্মপরিচালক (সকল), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
- ৫) উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৬) উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা দপ্তর (সকল)।
- ৭) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশ এবং তথ্য বাতায়নে সংশ্লিষ্ট সেবা বন্ধে হালনাগাদের জন্য)।
- ৮) সহকারী পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৯) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা দপ্তর (সকল), বিআরডিবি।